# উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শেখ লুৎফার রহমান বাচ্চু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালগঞ্জ সদর

সভার তারিখ : ২৭/০২/২০২২ খ্রি:

সভার সময় : বেলা ১১.৩০ মি:

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সহ অন্যান্য সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। এরপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত নব-নির্বাচিত চেয়াম্যানদের উদ্দেশ্যে প্রশাসনিক বিষয়সহ উপজেলা পরিষদের সাথে তাদের সমন্বয় ও দায়িত্ব সংক্রান্ত এবং ইউনিয়ন পরিষদে তাদের দায়িত্ব সংক্রান্ত আলোকপাত করেন। তিনি বিভিন্ন বিভাগীয় প্রধানগণ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দাপ্তরিক কার্যক্রম বিষয়ে আলোচনার জন্য আহবান জানান। সভাপতি গোপালগঞ্জ সদর উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়নমূলক চলমান প্রকল্পের কাজ দ্রুত এবং মানসম্মতভাবে বাস্তবায়নের জন্য স্ব স্ব বিভাগীয় প্রধান এবং বাস্তবায়নকারী জনপ্রতিনিধিদের নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক | বিভাগ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গোপালগঞ্জ সদর বলেন, করোনা প্রতিরোধে ভ্যাকসিনের পর্যাপ্ত মজুদ রয়েছে। ১২ বছরের উর্ধ্বের সকল শিক্ষার্থীকে এই ভ্যাকসিনেশনের আওতায় আনা জরুরি। অন্যথায় সরকারি সুযোগ সুবিধা বন্ধ হওয়ার আশংকা রয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** গোপালগঞ্জ সদর উপজেলাবাসী সকলেই যেন ভ্যাকসিনের আওতায় আসে তার জন্য প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে এবং সরকারি নির্দেশনা মতে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ১২ বছরের উর্দ্ধের ছাত্র-ছাত্রীদের ভ্যাকসিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গোপালগঞ্জ সদর<br>০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ সদর<br>০৩। উপজেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ<br>০৪। চেয়ারম্যান, সকল ইউপি |
| ০২) | কৃষি বিভাগ | (ক) উপজেলা কৃষি অফিসার, গোপালগঞ্জ সদর জানান যে, বর্তমানে সারের সংকট নেই এবং মজুদ সন্তোষজনক। চলতি বোরো মৌসুমে বিসিআইসি সার ডিলারদের দোকানে গুটি ইউরিয়া এবং NPK সার মজুদ রেখে তাহা কৃষকদের নিকট বিক্রয় করার জন্য অনুরোধ করেন।<br><br>সিদ্ধান্ত : প্রত্যেক বিসিআইসি সার ডিলারদের দোকানে গুটি ইউরিয়া এবং NPK সার মজুদ রেখে তাহা কৃষকদের নিকট সরকারি মূল্যে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার গোপালগঞ্জ সদর |
| | | (খ) উপজেলা কৃষি কর্মকর্তা আরো জানান যে, এ পর্যন্ত ৩ জন খুচরা সার বিক্রেতার আবেদন পাওয়া যায়। যথাক্রমে (১) তরিকুল স্টোর, প্রো: তরিকুল সর্দার, নিমতলা ৯ নং ওয়ার্ড, হরিদাসপুর; (২) বরকত ষ্টোর, প্রো: আ: সালাম দাড়িয়া, ঘোষগাতি, ৮ নং ওয়ার্ড, পাইককান্দি; (৩) ইমরান ষ্টোর, প্রো: ইমরান শেখ, আলী শেখের মোড়, ৯ নং ওয়ার্ড, পাইককান্দি। উক্ত আবেদনকারীদের মধ্যে তরিকুল স্টোর-কে ইউনিয়ন কমিটি অনুমোদন দিয়েছেন। বিষয়টি উপজেলা কমিটির অনুমোদন প্রয়োজন। | উপজেলা কৃষি অফিসার গোপালগঞ্জ সদর |

| ক্রমিক | বিভাগ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত :** উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত ৩ টি আবেদনের মধ্যে তরিকুল স্টোর, প্রো: তরিকুল সর্দার, নিমতলা ৯ নং ওয়ার্ড, হরিদাসপুর-কে খুচরা সার বিক্রেতার তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ০৩) | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় তার বিভাগের ফেব্রুয়ারি ২০২২ মাসের প্রতিবেদন উপস্থাপন করেন:<br>(ক) গবাদি পশুর টিকা প্রদান- ৪৬৮০ মাত্রা<br>(খ) হাঁস মুরগির টিকা প্রদান ৩৩৪২০ মাত্রা<br>(গ) গবাদি পশুর চিকিৎসা- ৩৬৫০ টি<br>(ঘ) হাঁস মুরগির চিকিৎসা- ২৭১২৫ টি<br>(ঙ) গাভীর কৃত্রিম প্রজনন- ১৫৪০ টি<br>(চ) টিকাবীজ বিক্রয়ের রাজস্ব আয়- ১৪৯২০/-<br>(ছ) কৃত্রিম প্রজনন ফি এর রাজস্ব আয়- ৪৬২০০/-<br><br>তিনি আরো জানান যে, প্রাণি সম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় গোপালগঞ্জ সদর উপজেলায় গত ১৬ ফেব্রুয়ারি "প্রাণিসম্পদ প্রদর্শনী'২০২২" গোপালগঞ্জ সদরের গোবরা নিলার মাঠে উৎযাপিত হয়। উক্ত অনুষ্ঠান সুন্দর ও সুষ্ঠুভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করায় তিনি মাননীয় জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়, সম্মানিত চেয়ারম্যান, গোপালগঞ্জ সদর উপজেলা পরিষদ মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর মহোদয়সহ সকলকে ধন্যবাদ জানান।<br><br>**সিদ্ধান্ত :** উপজেলা প্রাণি সম্পদ বিভাগ, গোপালগঞ্জ সদর এর কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গোপালগঞ্জ সদর |
| ০৪) | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোপালগঞ্জ সদর বলেন, মৎস্য আইনের আওতায় ফেব্রুয়ারি'২২ মাসে ০১ টি অভিযান পরিচালনা করা হয়। জাটকা ইলিশ ক্রয়-বিক্রয়, পরিবহণ ও মজুদ নিরোধে ২৫ টি হাট ও বাজার পরিদর্শন করা হয়। এ ছাড়া সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এবং এনএটিপি-২ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। মাছ চাষীদের বিভিন্ন পরামর্শসহ ২৫ টি পুকুর পরিদর্শন করা হয়। তিনি এআইএফ-২ প্রস্তাব প্রেরণের জন্য সিআইজি মৎস্য চাষীদের সমন্বয়ে প্রতিদিনই প্রায় ইউনিয়ন ভিত্তিক সভা চলমান রয়েছে। মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : লাইসেন্স বিহীন মৎস্য খাদ্য বিক্রেতাকে দ্রুত লাইসেন্সের আওতায় আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোপালগঞ্জ সদর |
| ০৫) | প্রকৌশল বিভাগ | ০১। উপজেলা প্রকৌশলী, গোপালগঞ্জ সদর জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপির কাজ চলমান রয়েছে। টেন্ডারকৃত কাজগুলি চলমান রয়েছে। তিনি আরো জানান রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের কাজের কিছু পরিবর্তন হওয়ায় স্কিমটির সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা 'পরিশিষ্ট- খ' তে উল্লেখ করা হয়েছে। | উপজেলা প্রকৌশলী, গোপালগঞ্জ সদর |

| ক্রমিক | বিভাগ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত:<br>পরিশিষ্ট-খ মোতাবেক স্কিমসমূহ দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ০৬) | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন যা নিম্নরূপ ঃ<br>০১। কাবিটা উপজেলা পরিষদ ১ম পর্যায় ঃ মোট বরাদ্দ - ৪৮৩৩৪১২/১১ টাকা, ১০২২৭৩৫ চাল, ১০২২৭৩৫ গম , কাজের অগ্রগতি- ২১% ।<br>০২। টিআর উপজেলা পরিষদ ১ম পর্যায় ঃ ২৫৯১৯২০/২৮ টাকা, কাজের অগ্রগতি- ২৩%<br>০৩। কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক ১ম পর্যায় ঃ তালিকা প্রক্রিয়াধীন ।<br>০৪। টিআর নির্বাচনী এলাকাভিত্তিক ১ম পর্যায় ঃ তালিকা প্রক্রিয়াধীন ।<br>০৫। ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ (কাবিটা) ১ম পর্যায় ঃ মোট বরাদ্দ ৭,৩৫,০০,০০০/- টাকা , নির্মিত গৃহ- ৩০০ টি , কাজের অগ্রগতি- ২০%/<br>০৬। ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ (কাবিটা) ১ম পর্যায় ঃ মোট বরাদ্দ- ১,৬৬,৬০,০০০/- টাকা, নির্মিত গৃহ- ৬৮ টি , কাজ চলমান।<br>০৭। আশ্রয়ন- প্রকল্পের অধীন ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ ১ম পর্যায় ঃ মোট বরাদ্দ- ৮,২০,৮০,০০০/- টাকা নির্মিত গৃহ-৪৮০ টি, কাজের অগ্রগতি-১০০%<br>০৮। ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ (কাবিটা) ২য় পর্যায় ঃ মোট বরাদ্দ- ৫,৩৩,৯০,০০০/- টাকা, নির্মিত ঘর- ২৮১ টি , কাজের অগ্রগতি- ১০০% ।<br>০৯। আশ্রয়ন- প্রকল্পের অধীন ভূমিহীন ও গৃহহীন ক শ্রেনীর গৃহ নির্মাণ ২য় পর্যায়(অতিরিক্ত) ঃ মোট বরাদ্দ-৭,১৭,৭৫,০০০/- টাকা , কাজের অগ্রগতি- ১০০% ।<br>১০। ঘূর্ণিঝড় আম্ফানে ক্ষতিগ্রস্থ পরিবার এর গৃহ নির্মান ঃ মোট বরাদ্দ ৮,৫৫,০০০/- টাকা নির্মিত ঘর-০৫ টি , কাজের অগ্রগতি - ১০০% । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার গোপালগঞ্জ সদর |
| ০৭) | পরিবার পরিকল্পনা বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>গোপালগঞ্জ সদর |
| ০৮) | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, করোনা ভাইরাসের কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর গত ২২-০২-২০২২ খ্রি. তারিখ হতে পুনরায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম শুরু করা হয়েছে। ইতোমধ্যে ১২-১৮ বছর বয়সী ৩৬৫১৩ জন শিক্ষার্থীকে ১ম ডোজ এবং ২৭৩০৫ জন শিক্ষার্থীকে ২য় ডোজ করোনা টিকা প্রদান করা হয়েছে। করোনার টিকা প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে ১ম ডোজ টিকা গ্রহণ করেছে তাদেরকে অবশ্যই ২য় ডোজ টিকার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১। উপজেলা স্বাস্থ্য অফিসার গোপালগঞ্জ সদর<br>০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ সদর |

| ক্রমিক | বিভাগ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৯) | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, করোনা সংক্রমন বেড়ে যাওয়ায় সকল সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ রয়েছে। | উপজেলা শিক্ষা অফিসার গোপালগঞ্জ সদর |
| ১০) | পল্লী উন্নয়ন বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১১) | যুব উন্নয়ন বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১২) | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোপালগঞ্জ সদর বলেন, সমবায় বিভাগের স্বাভাবিক কার্যক্রমের পাশাপাশি কয়েকটি প্রকল্প চলমান রয়েছে। প্রকল্প সমূহের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর হতে সরাসরি পরিচালিত আশ্রয়ণ প্রকল্প, নারী উন্নয়ন প্রকল্প ও দুগ্ধ প্রকল্প। উক্ত প্রকল্পে পরিচালিত ঋণ কার্যক্রমের মধ্যে মেয়াদ উত্তীর্ণ ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়ের অত:পর ঋণ আদায় অগ্রগতি ত্বরান্বিত করার ব্যবস্থা গ্রহণের প্রয়োজন।<br><br>মন্তব্য: মেয়াদ উত্তীর্ণ ঋণ আদায়ের জন্য দ্রুত সার্টিফিকেট মামলা দায়েরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমবায় অফিসার গোপালগঞ্জ সদর |
| ১৩) | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তার বক্তব্যে নির্বাচিত নবাগত চেয়ারম্যানদের তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে প্রাথমিক একটি ধারণা উপস্থাপন করেন। তিনি বলেন, বয়স্ক ভাতাভোগীদের সংখ্যা ১৭২৭০ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ৬৪৯৯ জন এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ৬৭২০ জন। প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ১ম শ্রেণি থেকে উচ্চতর শ্রেণি পযন্ত মোট ৩৫ জন; বেদে ৩ জন; দলিত ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা (যাদের বয়স ৫০ এর উর্দ্ধে ) ১১৭ জন; দলিত ও অনগ্রসর জনগোষ্ঠীর সন্তানদের শিক্ষা উপবৃত্তি বিভিন্ন শ্রেণি ভেদে প্রদান ৬৭ জন; সর্বমোট ৩০৭১১ জনকে ভাতা প্রদান করা হচ্ছে। তিনি আরো জানান যে, ক্ষুদ্রঋণ খাতে ২,২৫,২৭,৮৮০/- টাকা ৩৪৭২ জনের মাঝে ঋণ বিতরণ করা হয়। তিনি আরো জানান দীর্ঘদিন যাবৎ বিধবা ভাতার বরাদ্দ নাই। এক্ষেত্রে যে সকল বিধবা ভাতাভোগীদের বয়স ৬২ বছর এর উপর তাদের বয়স্ক ভাতার আওতায় আনতে পারলে কিছু বিধবা ভাতার কোটা খালি হবে।<br><br>সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে বিধবা ভাতার বরাদ্দ চেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজ সেবা অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১৪) | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী(জস্বাপ্র), গোপালগঞ্জ সদর |
| ১৫) | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ সদর বলেন, মার্চ'২২ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচি চালু হবে। যে সকল ইউনিয়নের খাদ্য বান্ধব তালিকা সংশোধন করা প্রয়োজন তা দ্রুততম সময়ের মধ্যে সংশোধন করা প্রয়োজন। সংশোধিত তালিকা দাখিল থেকে শুরু করে কার্ড ভোক্তা পর্যন্ত পৌঁছানো এই স্বল্প সময়ে সম্ভব না হলে চলমান তালিকা দিয়ে খাদ্য বান্ধব কর্মসূচি চালানো যাবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক গোপালগঞ্জ সদর<br>০২। চেয়ারম্যান, ইউপি (সকল) |

| ক্রমিক | বিভাগ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত : "খাদ্য বান্ধব কর্মসূচি-এর সফল বাস্তবায়নের লক্ষ্যে যে সকল ইউনিয়নের খাদ্য বান্ধব তালিকা সংশোধন করা প্রয়োজন তা দ্রুত সংশোধন করে উপজেলা খাদ্য বান্ধব কমিটি বরাবরে দাখিল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১৬) | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোপালগঞ্জ সদর বলেন, অদ্য ২৭ ফেব্রুয়ারি সারাদেশে বাংলাদেশ "পরিসংখ্যান দিবস" যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হচ্ছে। তিনি সভায় উপস্থিত সম্মানীত সদস্যদের পরিসংখ্যান দিবসের শুভেচ্ছা জানান। সকলের সার্বিক সহযোগিতায় সরকারি নির্দেশনা মতে জনশুমারী কার্যক্রম দ্রুত বাস্তবায়ন হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।<br><br>সিদ্ধান্ত : সরকারি নির্দেশনা মতে পরিসংখ্যান বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার গোপালগঞ্জ সদর |
| ১৭) | দারিদ্র বিমোচন বিভাগ | এ বিভাগ হতে পরিচালিত ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১৮) | মহিলা বিষয়ক বিভাগ | মহিলা বিষয়ক কর্মকর্তা, গোপালগঞ্জ বলেন, ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি এবং বাল্য বিবাহ নিরোধ কমিটি নিয়মিত মাসিক সভার আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বাস্তবায়িত কর্মসূচি যথাক্রমে ভিজিডি ও মাতৃত্বকাল ভাতা বিতরণ করা হচ্ছে।<br><br>সিদ্ধান্ত : ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি এবং বাল্য বিবাহ নিরোধ কমিটির মাসিক সভা নিয়মিত করতে হবে এবং কার্যবিবরণী সভাপতি বরাবর প্রেরণ করতে হবে। এছাড়া সরকারি নীতিমালা অনুসরণ করে ভিজিডি ও মাতৃত্বকাল ভাতা বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ০১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গোপালগঞ্জ সদর<br>০২। চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ১৯) | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, গোপালগঞ্জ সদর জানান, বিভাগীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, গোপালগঞ্জ সদর |
| ২০) | বন বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। | উপজেলা ফরেস্টার, সামাজিক বন বিভাগ, গোপালগঞ্জ সদর |
| ২১) | বিএডিসি (ক্ষুদ্র সেচ) বিভাগ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), গোপালগঞ্জ সদর |
| ২২) | পল্লী বিদ্যুৎ | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৩) | তথ্য আপা প্রকল্প | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা অফিসার, গোপালগঞ্জ সদর |
| ২৪) | উপজেলা রিসোর্স সেন্টার | এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গোপালগঞ্জ সদর |
| ২৭) | বিবিধ-০১<br>উপজেলা পরিষদের নতুন ভবনের ইন্টেরিয়ার ডেকোরেশন | ১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল নির্দেশিকার ৩ এর ছ অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে উপজেলা পরিষদের নুতন ভবনের মিনি কনফারেন্স ও অডিটরিয়ামের জন্য ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার চেয়ার ক্রমের জন্য অনুমোদন করা হয়। উপজেলা প্রকৌশলীকে কোটেশনের মাধ্যমে উক্ত চেয়ার ক্রয়ের কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার গোপালগঞ্জ সদর |

| ক্রমিক | বিভাগ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- |
| | | ২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল নির্দেশিকার ৩ এর প অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে উপজেলা পরিষদের নতুন ভবনের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়ের জন্য ৩,০০,০০০.০০(তিন লক্ষ) টাকার অনুমোদন করা হয়। উপজেলা প্রকৌশলীকে কোটেশনের মাধ্যমে উক্ত ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের জন্য অনুরোধ করা হয়।<br><br>৩। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর আওতায় উপজেলা পরিষদের ২য় জোড়া বাড়ী মেরামতে্ জন্য উপজেলা প্রকৌশলী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন দাখিল করেন তাহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। কাজটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। দ্রুত কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদের গৃহীত কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়। | |
| ২৮) | বিবিধ-০২<br>সাব রেজিষ্ট্রার, গোপালগঞ্জ সদর অফিসের মালামাল ক্রয় | সাব রেজিস্ট্রার, গোপালগঞ্জ সদর এর অফিসে ব্যবহারের নিমিত্ত দুটি স্টিলের আলমারি, বিভিন্ন রেজিস্টারসহ অফিশিয়াল মালামাল সরবরাহ করা জন্য ৪৪,২৪৭/- চৌচল্লিশ হাজার টাকা ব্যয়ের অনুমোদন দেয়া হলো। | উপজেলা নির্বাহী অফিসার গোপালগঞ্জ সদর |
| ২৯) | বিবিধ-০৩<br>উপজেলা পরিষদের ৫ টি হোল্ডিং এর পৌরকর | উপজেলা পরিষদের ৫টি হোল্ডিং এর পৌরকর বাবদ ৩,০৫,০০০/- (তিন লক্ষ পাঁচ হাজার) টাকা পরিশোধের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদরকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার গোপালগঞ্জ সদর |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ লুৎফার রহমান বাচ্চু)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোপালগঞ্জ সদর

স্মারক নং ০৫.৩০.৩৫৩২.০০২.০৬.০১৫.২০ .২৫৪(৬০) তারিখ: /০২/২০২২ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ২১৬-গোপালগঞ্জ-২ ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৫। উপজেলা ........................................... অফিসার, গোপালগঞ্জ সদর।
৬। চেয়ারম্যান,------------------------ ইউপি (সকল), গোপালগঞ্জ সদর।


(মো: রাশেদুর রহমান )
উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর
ফোন ০২-৬৬৮৫৩১৫
E-mail: unogopalganj@mopa.gov.bd

উপজেলা পরিষদের ২৭/০২/২০২২ইং তারিখ উপজেলা প্রকৌশল বিভাগের আলোচনা মোতাবেক রাজস্ব তহবিল ও এডিপি'র সংশোধিত প্রকল্প (পরিশিষ্ট- খ) ঃ

| ক্রমিক | প্রকল্প/ কাজের নাম | টাকার পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | পিআইসি | টেন্ডার | |
| ০১ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, **উপজেলা রাজস্ব তহবিল** হতে গোপালগঞ্জ সদর উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মান কাজটি ৯২,৫২,৫৯৩.৫২ টাকার চুক্তিতে কার্যাদেশ প্রদান করা হয় কিন্তু কাজটি বাস্তবায়ন কালে দেখা যায় সীমানা প্রাচীরে ক্লিন ব্রিকস/ইট ধরা আছে তাই সৌন্দর্য্য বৃদ্ধির স্বার্থে অটো ব্রিকস দ্বারা কাজ করার সিদ্ধান্ত হয়। দক্ষিন পার্শ্বে জায়গটি অপেক্ষাকৃত নিচু হওয়ায় আরসিসি সহ গাথুনীর কাজ বৃদ্ধি পেয়েছে। তাহা ছাড়া উপজেলা কৃষি অফিসের ট্রেনিং সেন্টার,বধ্যভুমি,উপজেলা পরিষদ কোয়াটার ও মসজিদের সামনের গেটসহ মোট ৫টি গেট প্রাক্কলনে অন্তভুক্ত করা হয়েছে। ফলে সংশোধিত চুক্তি মূল্য দাড়াইয়াছে ১,০৪,২৩,০১২.০০ টাকা - ( সংশোধিত মূল্য ১,০৪,২৩,০১২.০০- চুক্তি মূল্য ৯২,৫২,৫৯৩.০০) = অতিরিক্ত অর্থের ১১,৭০,৪১৯.০০ টাকা। যাহা চুক্তি মুল্য অপেক্ষা ১১.৭৪% বেশী। এ বিষয়ে বিষয়ে আলোচনান্তে সর্বসম্মতি ক্রমে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মান কাজটির সংশোধিত কাজ সহ চুক্তিমুল্য ১,০৪,২৩,০১২.০০ টাকার ব্যয় অনুমোদন দেওয়া হয়। কাজটি সংশোধিত প্রাক্কলন মোতাবেক দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে সভায় বিশেষভাবে অনুরোধ করা হয়। | | | |
| ০২ | **বার্ষিক উন্নয়ন তহবিল এবং রুপান্তরিত এডিপি খাত** ঃ এই অর্থ বছরে বরাদ্দ অপেক্ষা বেশী টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য অনুমোদন দেওয়া আছে। সাশ্রয় অথবা অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নিম্নের প্রকল্পগুলি অনুমোদন দেয়া হলোঃ | | | |
| ০৩ | পাইকের ডাংগা দক্ষিন পাড়া মসজিদ সংলগ্ন একেন সরদারের পুকুরে ঘাটলা নির্মান | ২০০,০০০.০০ | | |
| ০৪ | **নারী ফোরাম** ঃ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে মেয়েদের স্বাস্থ্য সুরক্ষার সামগ্রী বিতরন | ২০০,০০০.০০ | | |
| ০৫ | নিজড়া মক্তিদ্বোদ্ধা আকবর সাহেবের বাড়ীর পার্শ্বের মসজিদে পায়খানা ও প্রস্রাব খানা নির্মান। | ২০০,০০০.০০ | | |
| ০৬ | বার্সিক উন্নয় কর্মসূচী(এডিপি)/রুপান্তরিত এডিপি অর্থ দ্বারা ২০২১-২২ আর্থ বছরের ই-জিপির মাধ্যমে প্যাকেজ নং-ব-এ্ববহফবৎ/এড়ঢ়/কধলঁ-কড়ৎ/২১-২২/০৮ এরকাজুলিয়া উত্তরপাড়া ৭ নং ওয়ার্ড কালাম ডাক্তারের বাড়ী থেকে হাওলাদার বাড়ী পর্যন্ত ইটের সোলিং এর কাজ ঠিকাদার মেসার্স আশিক বিল্ডার্স কর্তৃক বাস্তবায়নাধীন আছে। রাস্তাটির সম্পূর্ন দৈর্ঘ্য সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য অতিরিক্ত তিনলক্ষ টাকার প্রয়োজন হবে। উক্ত প্যাকেজের চুক্তি মূল্য ১৯,৬৬,৫০০/- আছে। অতিরিক্ত কাজ বাস্তবায়নের জন্য বাস্তবায়নের জন্য সংশোধিত প্রাক্কলিত মূল্য ২২,৬৬,৫০০/- টাকার অনুমোদন দেয়া হলো। | | ৩০০,০০০.০০ | |
| ০৭ | "বোড়াশী ইউনিয়নের ভেন্নাবাড়ী পূর্বপাড়া পাকা রাস্তা হইতে নূর মোহাম্মদ কাজীর বাড়ীর রাস্তা ইটের সোলিং এবং ০২ নং ওয়ার্ড স্বাধীন রায়ের ও কমলেশ মন্ডলের বাড়ীর রাস্তা ইটের সোলিং" প্রকল্পের নামটি পরিবর্তন করে গোপালগঞ্জ টেকেরহাট রোড হইতে সাতপাড় সানপুখুরিয়া খেয়াঘাট পর্যন্ত রাস্তা আরসিসি'করণ ও ইটের সোলিং' নতুন করে নামকরণের অনুমোদন দেয়া হলো। | | | |
| ০৮ | গোবরা ইউনিয়নের ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দকৃত টাকার প্রকল্প " গোবরা রুস্তম আলী চৌধুরী মাধ্যমিক বিদ্যালয় থেকে এমদাদ শেখের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সোলিং" এর নাম পরিবর্তণ করে নতুন প্রকল্প "দক্ষিণ গোবরা শীলন এর বাড়ীর পশ্চিম পাশে পাকা রাস্তা হতে নদীর কুল পর্যন্ত রাস্তা ইটের সোলিং" এর অনুমোদন দেয়া হলো। | | | |

(মোঃ রাশেদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর
ফোন ০২-৬৬৮৫৩১৫
E-mail: unogopalganj@mopa.gov.bd

(শেখ লুৎফার রহমান বাচ্চু)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোপালগঞ্জ সদর

## সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্য/কর্মকর্তাবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) পরিশিষ্ট-ক:

| ক্রমিক | উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাবৃন্দ | ক্রমিক | উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | জনাব নিতিশ রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ গোপালগঞ্জ সদর | ২৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার গোপালগঞ্জ সদর |
| ০২ | জনাব নাজমুল হাসান নাজিব, ভারপ্রাপ্ত মেয়র, গোপালগঞ্জ পৌরসভা | ২৭ | অফিসার-ইন চার্জ, গোপালগঞ্জ সদর থানা |
| ০৩ | জনাব এফ,এম, মারুফ রেজা, চেয়ারম্যান, জালালাবাদ ইউপি | ২৮ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার গোপালগঞ্জ সদর |
| ০৪ | জনাব সুকান্ত বিশ্বাস, চেয়ারম্যান, বৌলতলী ইউপি | ২৯ | উপজেলা প্রকৌশলী, গোপালগঞ্জ সদর |
| ০৫ | জনাব মোহাম্মদ রানা, চেয়ারম্যান, শুকতাইল ইউপি | ৩০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, গোপালগঞ্জ সদর |
| ০৬ | জনাব মোঃ হাদিউজ্জামান মোল্লা, চেয়ারম্যান, চন্দ্রদিঘলিয়া ইউপি | ৩১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা গোপালগঞ্জ সদর |
| ০৭ | জনাব মোঃ সাহেব আলী মোল্যা(টুকু),চেয়ারম্যান, গোপীনাথপুর ইউপি | ৩২ | উপজেলা সমাজসেবা অফিসার গোপালগঞ্জ |
| ০৮ | জনাব ভূইয়া মোহাম্মদ ইছানুর রশীদ, চেয়ারম্যান, পাইককান্দি ইউপি | ৩৩ | খাদ্য নিয়ন্ত্রক, গোপালগঞ্জ সদর |
| ০৯ | জনাব মনির গাজী, চেয়ারম্যান, উরফি ইউপি | ৩৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা গোপালগঞ্জ সদর |
| ১০ | জনাব ফকরুল ইসলাম, চেয়ারম্যান, লতিফপুর ইউপি | ৩৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১১ | জনাব প্রনব বিশ্বাস (বাপি), চেয়ারম্যান, সাতপাড় ইউপি | ৩৬ | উপ সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) গোপালগঞ্জ সদর |
| ১২ | জনাব বিনয় সরকার, চেয়ারম্যান, সাহাপুর ইউপি | ৩৭ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, গোপালগঞ্জ সদর |
| ১৩ | জনাব মুন্সী মকিদুজ্জামান, চেয়ারম্যান, হরিদাসপুর ইউপি | ৩৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গোপালগঞ্জ সদর |
| ১৪ | জনাব মোঃ কামরুল হাসান (বাবুল), চেয়ারম্যান, উলপুর ইউপি | ৩৯ | সহকারী প্রকৌশলী, বিএডিসি(সেচ) গোপালগঞ্জ |
| ১৫ | জনাব আহম্মদ আলী মিনা(ধলু), চেয়ারম্যান, নিজড়া ইউপি | ৪০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোপালগঞ্জ সদর |
| ১৬ | জনাব এসএম হাবিবুর রহমান, চেয়ারম্যান, করপাড়া ইউপি | ৪১ | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, গোপালগঞ্জ |
| ১৭ | জনাব আইয়ুব আলী, চেয়ারম্যান, কাজুলিয়া ইউপি | ৪২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা গোপালগঞ্জ সদর |
| ১৮ | জনাব কে,এম, হাফিজুর রহমান, চেয়ারম্যান, মাঝিগাতী ইউপি | ৪৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোপালগঞ্জ সদর |
| ১৯ | জনাব সফিকুর রহমান চৌধুরী, চেয়ারম্যান, গোবরা ইউপি | ৪৪ | উপজেলা পরিসংখ্যান অফিসার, গোপালগঞ্জ |
| ২০ | জনাব লাভলী বেগম, সংরক্ষিত আসন-০১ লতিফপুর ইউনিয়ন পরিষদ | ৪৫ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গোপালগঞ্জ সদর |
| ২১ | জনাব নিপা বেগম, সংরক্ষিত আসন-০২, বোড়াশী ইউনিয়ন পরিষদ | ৪৬ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গোপালগঞ্জ |
| ২২ | নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোপালগঞ্জ | ৪৭ | সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প |
| ২৩ | সহকারী কমিশনার (ভূমি), গোপালগঞ্জ সদর | | |
| ২৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোপালগঞ্জ সদর | | |
| ২৫ | উপজেলা কৃষি অফিসার, গোপালগঞ্জ সদর | | |

| ক্রমিক | অনুপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাবৃন্দ | ক্রমিক | অনুপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | জনাব নিরুন্নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ গোপালগঞ্জ সদর | ০৮ | উপজেলা নির্বাচন অফিসার গোপালগঞ্জ সদর |
| ০২ | জনাব নাজিব আহম্মেদ, চেয়ারম্যান, দুর্গাপুর ইউপি | ০৯ | সাব রেজিষ্ট্রার, গোপালগঞ্জ সদর |
| ০৩ | জনাব কামরুল ইসলাম, চেয়ারম্যান, কাঠি ইউপি | ১০ | জনাব ইমতিয়াজ হোসেন, ইউডিএফ, ইউজিডিপি, গোপালগঞ্জ |
| ০৪ | জনাব শ্রীবাস বিশ্বাস, চেয়ারম্যান, রঘুনাথপুর ইউপি | ১১ | ফরেস্টার, বন বিভাগ |
| ০৫ | জনাব মনির আহম্মেদ ননী, চেয়ারম্যান, বোড়াশী ইউপি | ১২ | তথ্য সেবা কর্মকর্তা, গোপালগঞ্জ সদর |
| ০৬ | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গোপালগঞ্জ | ১৩ | সহকারী প্রোগ্রামার, গোপালগঞ্জ সদর |
| ০৭ | উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গোপালগঞ্জ | | |